জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

স্মারক নং-৩৭.০৬.০০০০.১০১.১৮.০৫৪.২৫ / ২৬৬৩ তারিখ: ২৪/০৯/২০২৬ খ্রি.

বিষয়: গণবিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পত্রের সাথে সংযুক্ত জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ-দ্বাদশ শ্রেণির সাহিত্যপাঠ (গদ্য ও কবিতা),বাংলা সহপাঠ (উপন্যাস ও নাটক), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (বাংলা ও ইংরেজি ভার্সন) এবং English For Today পাঠ্যপুস্তকসমূহ সম্পূর্ণ নতুন আঙ্গিকে সংশোধন ও পরিমার্জন করে এনসিটিবি'র জলছাপযুক্ত নিরাপত্তা কাগজসহ মুদ্রণ ও বাঁধাই করে ২৩/০৯/২০২৬ তারিখ থেকে সমগ্র বাংলাদেশের জেলা-উপজেলাসমূহে প্রেরণ করে বাজারজাত নিশ্চিত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় আগামী ২৫/০৯/২০২৬ তারিখের মধ্যে ভিতরের পৃষ্ঠায় হুবহু একবার প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রকাশিত বিজ্ঞপ্তিসহ ০৩ (তিন) কপি বিল দাখিল করলে তা বোর্ডের নিয়মানুযায়ী পরিশোধের ব্যবস্থা নেওয়া হবে।

সংযুক্তি: বর্ণনামতে

২৪/৯/২৬

প্রফেসর শাহ মুহাম্মদ ফিরোজ আল ফেরদৌস
সচিব, এনসিটিবি
ফোন: +৮৮-২২৩৩-৮৫৬৪৪

বিজ্ঞাপন ম্যানেজার
১. দৈনিক প্রথম আলো
২. দৈনিক যুগান্তর
৩. The Daily Observer

স্মারক নং-৩৭.০৬.০০০০.১০১.১৮.০৫৪.২৫ / ২৬৬৩ তারিখ: ২৪/০৯/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সদস্য (অর্থ), এনসিটিবি
২-৩. উপসচিব (প্রশাসন/কমন), এনসিটিবি
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, এনসিটিবি
৫. প্রোগ্রামার, এনসিটিবি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৬. লাইব্রেরিয়ান, এনসিটিবি
৭-৮. সহকারী সচিব (প্রশাসন/কমন), এনসিটিবি
৯. পিএটু চেয়ারম্যান, এনসিটিবি
১০. পিএটু সচিব, এনসিটিবি
১১. হিসাব শাখা, এনসিটিবি
১২. সংরক্ষণ নথি (প্রশাসন)।

২৪/৯/২০২৬

সিরাজুল ইসলাম
উপসচিব (প্রশাসন), এনসিটিবি
ফোন: +৮৮-০২-২২৩৩৮২৫৮৬

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং-৩৭.০৬.০০০০.১০১.১৮.০৫৪.২৫/৬৫৫ তারিখ ২৪/০৯/২০২৬ খ্রি.

গণবিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ-দ্বাদশ শ্রেণির সাহিত্যপাঠ (গদ্য ও কবিতা),বাংলা সহপাঠ (উপন্যাস ও নাটক), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (বাংলা ও ইংরেজি ভার্সন) এবং English For Today পাঠ্যপুস্তকসমূহ সম্পূর্ণ নতুন আঙ্গিকে সংশোধন ও পরিমার্জন করে এনসিটিবি'র জলছাপযুক্ত নিরাপত্তা কাগজসহ মুদ্রণ ও বাঁধাই করে ২৩/০৯/২০২৬ তারিখ থেকে সমগ্র বাংলাদেশের জেলা-উপজেলাসমূহে প্রেরণ করে বাজারজাত নিশ্চিত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে

- অভিভাবকগণ এবং শিক্ষার্থীদের এনসিটিবি কর্তৃক প্রদত্ত জলছাপসহ সিকিউরিটি পেপারযুক্ত নতুন সংস্করণের পাঠ্যপুস্তকসমূহ ক্রয় করার অনুরোধ করা হলো। উল্লেখ্য, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহের অধীনে পরিচালিত মূল্যায়ন (পরীক্ষা) প্রক্রিয়ায় উক্ত পাঠ্যপুস্তকের বিষয়বস্তু বিবেচনায় নেওয়া হবে।
- পাঠ্যপুস্তকসমূহ সারা বাংলাদেশের লাইব্রেরিসমূহ হতে এনসিটিবি কর্তৃক নির্ধারিত মূল্যে বিক্রয় করা হবে।
- যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানে এনসিটিবি কর্তৃক প্রকাশিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পাঠ্যপুস্তক ব্যতীত অন্য কোন লেখক ও প্রকাশকের পুস্তক পাঠ্যভুক্ত করা হয়, তবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে এনসিটিবি আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারে।
- নকলমুক্ত পাঠ্যপুস্তক মুদ্রণ ও বাজারজাতকরণ এবং শিক্ষার্থীদের হাতে নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক সরবরাহের সরকারি উদ্যোগকে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
- ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের পূর্ববর্তী বছরের পুরাতন পাঠ্যপুস্তক ক্রয় না করার জন্য অনুরোধ করা হলো।

২৪/৯/২০২৬

প্রফেসর শাহ মুহাম্মদ ফিরোজ আল ফেরদৌস
সচিব, এনসিটিবি
ফোন: +৮৮-২২৩৩-৮৫৬৪৪
ই-মেইল: secretary@nctb.gov.bd